রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৯, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭৯—১৮৯ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৬৫—৪৮৮ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৭—১০৭ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৭—৩৮২ | (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-১৪২—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭(১) এবং ৮(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ এর পরিবর্তে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং রূপালী ব্যাংক লিমিটেড এর সাবেক পরিচালক ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, এমবিএ-কে উক্ত কর্পোরেশনের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রিজওয়ানুল হুদা
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা-১ (প্রশাসন)

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৪ বঃ/১১ মার্চ ২০১৮ খ্রিঃ

**নং ০৮.০০.০০০০.০৩৬.৭২.০০২.১৬(অংশ-২).১৪৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের (SDG) কার্যক্রম সুচারুরূপে চালু রাখার স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| ০১ | জনাব আশরাফুন্নেছা, যুগ্মসচিব | - | ফোকাল পয়েন্ট |
| ০২ | জনাব মোঃ হুমায়ুন কবীর, যুগ্মসচিব | - | সদস্য (SDG মাস্টার ট্রেইনার) |
| ০৩ | জনাব মোঃ আব্দুল গফুর, উপসচিব | - | সদস্য |
| ০৪ | জনাব ডা. মোঃ হামিদুল হক, উপসচিব | - | সদস্য-সচিব |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মোঃ হামিদুল হক**
উপসচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৬

আদেশাবলি

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৪ বঃ/২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৪/২০১৮-৫৮**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মঞ্জুরুল আহসান, পিতা-আহসান উল্লা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন ;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৪ বঃ/২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৩২/২০১৭-৬০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব আঃ কুদ্দুস, পিতা-মরহুম ফয়েজ উদ্দিন প্রামানিক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন ;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

বিচার শাখা-৭

আদেশাবলি

তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৬০/৭৮-১৩৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পিতা-মৃত মোহাম্মদ ফিরোজ মিয়া, মাতা-মোছাম্মৎ জাহানারা বেগম, গ্রাম-চন্দনবাড়ী, ০৪ নং ওয়ার্ড, ডাকঘর ও উপজেলা-মনোহরদী, জেলা-নরসিংদী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার মনোহরদী পৌরসভার ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০১ মার্চ ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৯৪/২০১৭-১৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মাহফুজার রহমান, পিতা-মোঃ আমানতুল্ল্যাহ, মাতা-মোছাঃ মোহছেনা বেগম, গ্রাম-মাথাভাঙ্গা, ডাকঘর-জলঢাকা, উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার জলঢাকা পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-০১/৮৯(অংশ-১)-১৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব গোলাম রব্বানী, পিতা-মোঃ আব্দুল বারেক, মাতা-হাফেজা বেগম, গ্রাম-পূর্ব বোড়াগাড়ী, ডাকঘর-বোড়াগাড়ী, উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডোমার উপজেলার ৭ নং বোড়াগাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**

**রপ্তানি-৩ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৪ বঃ/১৩ মার্চ ২০১৮ খ্রিঃ

**নং ২৬.০০.০০০০.১০২.১১.০০২.২০১৪-৯৬**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.১৫৫.০১৫.২৬.০০.০০৩.২০১২-১৪৯, তারিখ : ০৫ এপ্রিল ২০১৫ খ্রিঃ এবং নং ০৭.০০.০০০০.১৬৫. ১৯.০১২.১২-৯৫, তারিখ : ৩১ আগস্ট ২০১৫-এর প্রেক্ষিতে জেনেভাস্থ বাংলাদেশ স্থায়ী মিশনে বাণিজ্যিক উইং স্থাপন ও নিম্নোক্ত পদ সৃজনে নির্দেশক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (অনুমোদনকালে) (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুসারে) | বর্তমান বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে Corresponding স্কেল) |
|---|---|---|---|---|
| ০১ | কমার্শিয়াল কাউন্সেলর | ০১টি | টাকা ২২,২৫০-৩১,২৫০/- (৫ম গ্রেড) | টাকা ৪৩,০০০-৬৯,৮৫০/- (৫ম গ্রেড) |
| ০২ | প্রথম সচিব (বাণিজ্যিক) | ০১টি | টাকা ১৮,৫০০-২৯,৭০০/- (৬ষ্ঠ গ্রেড) | টাকা ৩৫,৫০০-৬৭.০১০/- (৬ষ্ঠ গ্রেড) |

২। উপর্যুক্ত পদ সৃজন প্রস্তাবে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এই সংক্রান্ত ব্যয় বানিজ্য মন্ত্রণালয়ের সাংবিধানিক কোডে জেনেভা মিশন এর জন্য বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হবে।

৪। এই মঞ্জুরি জ্ঞাপনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

**মোঃ রুহুল আমিন**
উপসচিব।

## ভূমি মন্ত্রণালয়

## জরিপ শাখা-২

## বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৪ বঃ/২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৪.৩০.১৩.২৮—১৯৩৫ সনের বেঙ্গল সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ বিধিমতে নিম্নোক্ত ১৯টি মৌজা গঠন ও নামকরণের প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়েছে :

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | প্রস্তাবিত মৌজার নাম | | প্রস্তাবিত জে এল নং | এরিয়া | | মিস কেইস নং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাংলায় | ইংরেজীতে | | একর | বর্গমাইল | |
| ১ | নোয়াখালী | সুবর্ণচর | চর সুবর্ণ | Char Subarna | ৩০৭ | ১৭২০ | ২.৬৮৭ | ০১/২০১৭ |
| ২ | নোয়াখালী | সুবর্ণচর | চর মহুয়া | Char Mohuya | ৩০৮ | ১৭২০ | ২.৬৮৭ | ০২/২০১৭ |
| ৩ | নোয়াখালী | সুবর্ণচর | চর বনশ্রী | Char Banosree | ৩০৯ | ১৭২০ | ২.৬৮৭ | ০৩/২০১৭ |
| ৪ | নোয়াখালী | সুবর্ণচর | চর চাঁদনী | Char Chadni | ৩১০ | ২৫০০ | ৩.৯০৬ | ০৪/২০১৭ |
| ৫ | নোয়াখালী | হাতিয়া | চামেলী | Chameli | ৭৫ | ২০৩৭ | ৩.১৮৩ | ০৫/২০১৭ |
| ৬ | নোয়াখালী | হাতিয়া | ময়না | Mayana | ৭৬ | ২০৩৮ | ৩.১৮৪ | ০৬/২০১৭ |
| ৭ | নোয়াখালী | হাতিয়া | রূপালী | Rupali | ৭৭ | ২০৩৯ | ৩.১৮৬ | ০৭/২০১৭ |
| ৮ | নোয়াখালী | হাতিয়া | মাধবী | Madhabi | ৭৮ | ২০৩৫ | ৩.১৭৯ | ০৮/২০১৭ |
| ৯ | নোয়াখালী | হাতিয়া | মনিহার | Monihar | ৭৯ | ২০৪০ | ৩.১৮৭ | ০৯/২০১৭ |
| ১০ | নোয়াখালী | হাতিয়া | গোধুলী | Godhuli | ৮১ | ২০৩৩ | ৩.১৭৬ | ১০/২০১৭ |
| ১১ | নোয়াখালী | হাতিয়া | বাতায়ন | Batayan | ৮২ | ২০৩২ | ৩.১৭৫ | ১১/২০১৭ |
| ১২ | নোয়াখালী | হাতিয়া | ধান সিঁড়ি | Dhan Siri | ৮৩ | ২০৪১ | ৩.১৮৯ | ১২/২০১৭ |
| ১৩ | নোয়াখালী | হাতিয়া | নিহারিকা | Niharika | ৮৪ | ২০৪৭ | ৩.১৯৮ | ১৩/২০১৭ |
| ১৪ | চট্টগ্রাম | সন্দ্বীপ | বাথানবাড়ী | Bathanbari | ৬২ | ২৩১৯ | ৩.৬২৩ | ১৪/২০১৭ |
| ১৫ | চট্টগ্রাম | সন্দ্বীপ | চিরিঙ্গা | Chiringa | ৬৩ | ২৩১৮ | ৩.৬২২ | ১৫/২০১৭ |
| ১৬ | চট্টগ্রাম | সন্দ্বীপ | কাঁকড়ার চর | Kakrar Char | ৬৪ | ২৩১৮ | ৩.৬২২ | ১৬/২০১৭ |
| ১৭ | চট্টগ্রাম | সন্দ্বীপ | বোয়ালিয়া | Boalia | ৬৫ | ২৩২০ | ৩.৬২৫ | ১৭/২০১৭ |
| ১৮ | চট্টগ্রাম | সন্দ্বীপ | বগার চর | Bagar Char | ৬৬ | ২৩১৯ | ৩.৬২৩ | ১৮/২০১৭ |
| ১৯ | চট্টগ্রাম | সন্দ্বীপ | চর কাউনিয়া | Char Kaunia | ৬৭ | ২৩১৯ | ৩.৬২৩ | ১৯/২০১৭ |

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৪ বঃ/০৬ মার্চ ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৯.০০৬.২০১৬-৩৪—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন দেয়া হলো :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | চর সালেপুর | ১৪ | চর ভদ্রাসন | ফরিদপুর |
| ২ | সালেপুর | ১৬ | চর ভদ্রাসন | ফরিদপুর |
| ৩ | চর খোলাবাড়ীয়া | ৩৪ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| ৪ | গোপালপুর | ৫৩ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| ৫ | চর আজমপুর | ৫৪ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| ৬ | লক্ষীপুর | ৮৮ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ৭ | কাঠালবাড়ী | ৯৬ | শিবচর | মাদারীপুর |
| ৮ | রঞ্জিত খাঁ | ১০৬ | শিবচর | মাদারীপুর |
| ৯ | বটেশ্বর | ১০৭ | শিবচর | মাদারীপুর |
| ১০ | তারপাশা | ১০৮ | শিবচর | মাদারীপুর |
| ১১ | মাইটকোড়া | ১৮৮ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).৩৫**—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন দেয়া হলো :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | চর সুবর্ণ | ৩০৭ | সুবর্ণচর | নোয়াখালী |
| ২ | চর মহুয়া | ৩০৮ | সুবর্ণচর | নোয়াখালী |
| ৩ | চর বনশ্রী | ৩০৯ | সুবর্ণচর | নোয়াখালী |
| ৪ | চর চাঁদনী | ৩১০ | সুবর্ণচর | নোয়াখালী |
| ৫ | চামেলী | ৭৫ | হাতিয়া | নোয়াখালী |
| ৬ | ময়না | ৭৬ | হাতিয়া | নোয়াখালী |
| ৭ | রূপালী | ৭৭ | হাতিয়া | নোয়াখালী |
| ৮ | মাধবী | ৭৮ | হাতিয়া | নোয়াখালী |
| ৯ | মনিহার | ৭৯ | হাতিয়া | নোয়াখালী |
| ১০ | গোধুলী | ৮১ | হাতিয়া | নোয়াখালী |
| ১১ | বাতায়ন | ৮২ | হাতিয়া | নোয়াখালী |
| ১২ | ধান সিঁড়ি | ৮৩ | হাতিয়া | নোয়াখালী |
| ১৩ | নিহারিকা | ৮৪ | হাতিয়া | নোয়াখালী |
| ১৪ | বাথানবাড়ী | ৬২ | সন্দ্বীপ | চট্টগ্রাম |
| ১৫ | চিরিঙ্গা | ৬৩ | সন্দ্বীপ | চট্টগ্রাম |
| ১৬ | কাঁকড়ার চর | ৬৪ | সন্দ্বীপ | চট্টগ্রাম |
| ১৭ | বোয়ালিয়া | ৬৫ | সন্দ্বীপ | চট্টগ্রাম |
| ১৮ | বগার চর | ৬৬ | সন্দ্বীপ | চট্টগ্রাম |
| ১৯ | চর কাউনিয়া | ৬৭ | সন্দ্বীপ | চট্টগ্রাম |

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৪ বঃ/৫ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৬৮.০০৪.১৮.৩৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নলিখিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | উত্তর কেশুয়া | ০৩ | চন্দনাইশ | চট্টগ্রাম |
| ২ | দক্ষিণ আড়ালিয়া | ০৪ | চন্দনাইশ | চট্টগ্রাম |
| ৩ | নতুন সুখচর | ৬৬ | হাতিয়া | নোয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারি বিশ্ব:-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বঃ/০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং শিম/শাঃ ১৯/রা.উ.নি.১৫-১/২০০৯-৩০**—মাহমান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. প্রদানেন্দু বিকাশ চাকমাকে দ্বিতীয় মেয়াদে পরবর্তী চার বছরের জন্য নিম্নোক্ত শর্তে উক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে পুন:নিয়োগ প্রদান করেছেন:

১। ভাইস-চ্যান্সেলর হিসেবে দ্বিতীয় মেয়াদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে, তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই তাঁকে ভাই-চ্যান্সেলরের দায়িত্ব থেকে অব্যাহতি দিতে পারবেন;

২। ভাইস-চ্যান্সেলর হিসেবে তিনি অর্থবিধি অনুযায়ী বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন;

৩। তিনি ভাইস-চ্যান্সেলর পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন:

৪। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে অবস্থান করবেন;

৫। এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**শাহনাজ সামাদ**
যুগ্মসচিব।

---

**সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৪ বঃ/০৮ মার্চ ২০১৮ খ্রিঃ

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৭-৭৭**—যেহেতু, বেগম জোহরা সুলতানা (৬০২২০৩), সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত) {প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)}, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা এর অনুকূলে প্রদান প্রকৌশলী, সওজ অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের The University of Memphis-তে M.Sc Program-এ অধ্যয়নের নিমিত্ত এ বিভাগের ১৬-০৭-২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫.০০. ০০.০৭০.২০১০-৫৫৭ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২৫-০৭-২০১৫ হতে ২৪-০৭-২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অধ্যয়ন ছুটি প্রচলিত শর্তে মঞ্জুর করা হয়। পরবর্তীতে প্রধান প্রকৌশলীর ২৬-০৭-২০১৬ তারিখের ৭পি-৬৩/২০১০-৯০৪-ই সংখ্যক স্মারকে তাঁর অধ্যয়ন ছুটির মেয়াদ ২৫-০৭-২০১৬ হতে ২৩-০৭-২০১৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বৃদ্ধির প্রস্তাব করা হলে মঞ্জুরিকৃত অধ্যয়ন ছুটির (গ), (ঘ) এবং (ঙ) নম্বর শর্ত ভঙ্গ করায় এবং ছুটির মেয়াদ গত ২৪-০৭-২০১৬ তারিখ শেষ হলেও কর্মস্থলে যোগদান না করায় তাঁকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যুক্তরাষ্ট্র হতে দেশে প্রত্যাবর্তনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত নির্দেশনা সত্ত্বেও তিনি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান না করায় তাকে গত ১২-১২-২০১৬ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-৯৫৭ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২৫-০৭-২০১৬ তারিখ হতে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। তিনি কর্মক্ষেত্রে যোগদান না করে বিগত ২৫.০৭.২০১৬ হতে ১১-১২-২০১৬ তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, তিনি ১২-১২-২০১৬ তারিখ হঠাৎ করে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর যোগদান করেন। যোগদান যথাযথ প্রক্রিয়ায় না হওয়ায় পুনরায় ১৬-০১-২০১৭ তারিখে সড়ক পরিবহন ও মাহসড়ক বিভাগে যোগদান করেন। দেশে প্রত্যাবর্তন ও কর্মস্থলে যোগদান করায় এ বিভাগের ০১-০২-২০১৭ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-৯৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ সরল বিশ্বাসে সরকার প্রত্যাহার করে নেয়;

যেহেতু, তিনি M.Sc Program টি সম্পন্ন করার জন্য ১৮-০১-২০১৭ হতে ৩০-০৮-২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুরের জন্য ১৭-০১-২০১৭ তারিখে আবেদন করেন। উক্ত আবেদন মঞ্জুর হওয়ার পূর্বেই তিনি পুনঃরায় হঠাৎ করে বিদেশে চলে যান। পুনঃরায় অননুমোদিতভাবে বিদেশ চলে যাওয়ার কারণে এ বিভাগের ০১-০২-২০১৭ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-৯৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে প্রত্যাহারকৃত ১২-১২-২০১৬ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-৯৫৭ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত চাকরি থেকে সাময়িক বরখাস্তের আদেশ ০২-০৩-২০১৭ তারিখে ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-১৬০ স্মারকে পুনর্বহাল করা হয়। একইসাথে অননুমোদিতভাবে বিদেশ চলে যাওয়ায় তাঁকে প্রদত্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর চলতি দায়িত্ব অত্র বিভাগ কর্তৃক গত ১৬-০৩-২০১৭ তারিখ ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-২০৫ সংখ্যক স্মারকে বাতিল করা হয়;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে অসাদচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৩/২০১৭ রুজু করা হয়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী অভিযুক্ত করে কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকরি হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ২৭-০৩-২০১৭ তারিখের রেজিস্টার্ড/এডি সহযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করতঃ তা প্রাপ্তির (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয়। কিন্তু তিনি কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব মোহাম্মদ ফারুক হোসেন, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৩-১০-২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'ডিজারশন' ও 'অসাদচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১০-১০-২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর দাপ্তরিক, বর্তমান, স্থায়ী ও বৈদেশিক ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, তাঁর নিকট হতে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকরি হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission(Consultation) Regulations 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বেগম জোহরা সুলতানা (৬০২২০৩), সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকরি হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, বেগম জোহরা সুলতানা (৬০২২০৩), সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে বেগম জোহরা সুলতানা (৬০২২০৩), সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ২৫-০৭-২০১৬ তারিখ থেকে চাকরি হতে বরখাস্তের (dismissal from service) গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৪ বঃ/১১ মার্চ ২০১৮ খ্রিঃ

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৯৩**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ কাবাডি ফেডারেশনের সভাপতি এ কে এম শহীদুল হক, আইজিপি (পিআরএল)-কে বাংলাদেশ কাবাডি ফেডারেশনের সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৯৪**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ পুলিশের বর্তমান মহাপরিদর্শক ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী, বিপিএম (বার)-কে বাংলাদেশ কাবাডি ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তৌফিক ইমাম**
সিনিয়র সহকারী সচিব।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## পার-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ খ্রিঃ

নং **৪৫.১৪২.০২৭.০০.০০.০০৪.২০১৫-১৬৮**—ডাঃ এ, কে, এম মুজিবুর রহমান (৪২৩৩০), পাক্তন পরিচালক, শহীদ সোহারাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০৭-২০১৫ তারিখের ৪৫.১৪২.০২৭.০০.০০.০০৪. ২০১৫-৩১৬ নম্বর প্রজ্ঞাপনে সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মইনউদ্দিন আহ্‌মদ**
যুগ্মসচিব।

## স্বাস্থ্য সেবা বিভাগ
## জনস্বাস্থ্য-২

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১৬১.১০৪.২৭.০৪-৯০**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২-১০-২০০৭ তারিখের জনস্বাস্থ্য-১/ এনটিসিএমবি-২৯/২০০৪/৪০৯ নং প্রজ্ঞাপনমূলে গঠিত 'ন্যাশনাল টেকনিক্যাল কমিটি অন মেডিকেল বায়োটেকনোলজি (এনটিসিএমবি) নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

(ক) <u>কমিটির গঠন</u> :

**চেয়ারম্যান**

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৬। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৭। অধ্যাপক ডাঃ আকরাম হোসেন, মাইক্রোবায়োলজী বিভাগ, নিপসম, ঢাকা।

৮। পরিচালক, বাংলাদেশ চিকিৎসা গবেষণা কাউন্সিল, মহাখালী, ঢাকা।

৯। অধ্যাপক ডাঃ মোঃ সায়েদুর রহমান, অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ, বিএসএমএমইউ, ঢাকা।

১০। ডঃ ফেরদৌসী কাদরী, এ্যাকটিং সিনিয়র ডিরেক্টর, আইডিডি, আইসিডিডিআর'বি মহাখালী, ঢাকা।

১১। ডঃ শরীফ আক্তারুজ্জামান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১২। অধ্যাপক ডাঃ লিয়াকত আলী, ভাইস-চ্যান্সেলর, বাংলাদেশ ইউনিভারসিটি অফ হেলথ সাইন্সেস, ঢাকা।

১৩। মেজর জেনারেল ডাঃ দেবাশীস সাহা, আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজী, ঢাকা।

১৪। অধ্যাপক ডাঃ নঈম চৌধুরী, চেয়ারম্যান, বাংলাদেশ এ্যাটোমিক এনার্জি রেগুলেটরী অথোরিটি, ঢাকা

১৫। ড. মো. সলিমুল্লাহ, মহাপরিচালক, জাতীয় জীব প্রযুক্তি প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।

১৬। প্রতিনিধি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)।

১৭। প্রতিনিধি, ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সদস্য-সচিব

১৮। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(খ) <u>কমিটির কার্যপরিধি</u> :

১। দেশবাসীর স্বাস্থ্য ও পুষ্টির উন্নয়ন, দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশে মেডিকেল বায়োটেকনোলজির প্রয়োগ ও উন্নয়নের জন্য অগ্রাধিকারসমূহ সনাক্তকরণ এবং স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

২। দেশে মেডিকেল বায়োটেকনোলজির স্বাস্থ্যগত, পুষ্টিগত, ব্যক্তিক, সামাজিক ও নৈতিক ঝুঁকি অনুধাবন ও হ্রাসকল্পে প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন ও বাস্তবায়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পরামর্শ ও সহায়তা প্রদান;

৩। চিকিৎসা জীবপ্রযুক্তি বিষয়ক প্রকল্প প্রস্তাবনার অনুরোধ প্রেরণ;

৪। চিকিৎসা জীবপ্রযুক্তি গবেষণার বিনিয়োগকে উৎসাহিত করা এবং শিল্পে অংশীদার খোঁজা;

৫। চিকিৎসা জীবপ্রযুক্তিতে সম্পদের প্রবাহমানতা অনুসন্ধান (দক্ষতা, তহবিল ও সুবিধাদি);

৬। আধুনিক ও সমৃদ্ধ চিকিৎসা জীবপ্রযুক্তির সুফল সম্পর্কে জনসচেতনতা তৈরীর লক্ষ্যে কার্যক্রমসমূহ নির্ধারণ;

৭। জীবপ্রযুক্তি ও চিকিৎসা জীবপ্রযুক্তির জাতীয় নীতি ও কর্মসূচির মধ্যে সমন্বয়;

৮। চিকিৎসা জীবপ্রযুক্তি সংক্রান্ত নীতি/গাইড লাইন/ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে কমিটি কমপক্ষে প্রতি ছয় মাসের মধ্যে সভায় মিলিত হবে;

৯। প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবেন।

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৭ চৈত্র ১৪২৪ বঃ/১ মার্চ ২০১৮ খ্রিঃ

নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১০(অংশ-১)-৯৩—প্রতিবছর জাতীয় পুষ্টি সপ্তাহ উদ্‌যাপনের জন্য নিম্নোক্তভাবে জাতীয় বাস্তবায়ন কমিটি (Implementation Committee) গঠন করা হলো :

(ক) <u>কমিটির গঠন</u> :

চেয়ারম্যান

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

কো-চেয়ারম্যান

২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

সদস্যবৃন্দ

৩। যুগ্মসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫। অতিরিক্ত মহাপরিচালক (পরিঃ ও উঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৬। প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ, মহাখালী, ঢাকা।

৭। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৯। পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য সেবা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১০। পরিচালক (জনস্বাস্থ্য প্রতিষ্ঠান), মহাখালী, ঢাকা।

১১। পরিচালক (নিপসম), মহাখালী, ঢাকা।

১২। প্রধানস্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৩। লাইন ডাইরেক্টর, সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৪। লাইন ডাইরেক্টর, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৫। লাইন ডাইরেক্টর, এনসিডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৬। লাইন ডাইরেক্টর, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৭। লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৮। লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডআরএইচ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

১৯। লাইন ডাইরেক্টর, আইইএম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

২০। লাইন ডাইরেক্টর, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

২১। লাইন ডাইরেক্টর, টিবিএইচটিডি প্রোগ্রাম/ল্যাপ্রোসি এবং এইডস্, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২২। প্রতিনিধি, প্রাণিসম্পদ অধিদপ্তর।

২৩। প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

২৪। প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর ঢাকা।

২৫। প্রতিনিধি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২৬। প্রতিনিধি, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২৭। প্রোগ্রাম ম্যানেজার, জাতীয় পুষ্টি সেবা (সংশ্লিষ্ট)।

২৮। চেয়ারম্যান, বিবিএফ।

২৯। সদস্য-সচিব, নিউট্রিশন ওয়ার্কিং গ্রুপ।

৩০। ডেপুটি প্রোগাম ম্যানেজার, জাতীয় পুষ্টি সেবা (সংশ্লিষ্ট)।

**সদস্য-সচিব**

৩১। পরিচালক, আইপিএইচএম এবং লাইন ডিরেক্টর, এনএনএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

(খ) <u>কমিটির কার্যপরিধি</u> :

১। পুষ্টি সপ্তাহ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

২। প্রয়োজনীয় সাব-কমিটি গঠন করে পুষ্টি সপ্তাহ পালন কার্যক্রম তরান্বিত করবেন;

৩। পুষ্টি সপ্তাহের কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন;

৪। পুষ্টি সপ্তাহ পালন এর স্টিয়ারিং কমিটির নিকট নিয়মিত রিপোর্ট/কার্যবিবরণী প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৫। কোন ব্যক্তিকে প্রয়োজনে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন;

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

**নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১০(অংশ-১)-৯৪**—প্রতিবছর জাতীয় পুষ্টি সপ্তাহ উদ্‌যাপনের জন্য নিম্নোক্তভাবে জাতীয় স্টিয়ারিং কমিটি (Steering Committee) গঠন করা হলো :

(ক) <u>কমিটির গঠন</u> :

**চেয়ারম্যান**

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**কো-চেয়ারম্যান**

২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

৬। যুগ্মসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৭। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৯। প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়।

১০। প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয়।

১১। প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

১২। প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

১৩। প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১৪। প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১৫। প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১৬। প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয়।

১৭। প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়।

১৮। প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

১৯। প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২০। প্রতিনিধি, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

২১। প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

২২। পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান মহাখালী, ঢাকা।

২৩। পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য সেবা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২৪। প্রধান স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২৫। প্রতিনিধি, বিশ্ব ব্যাংক (World Bank), ঢাকা।

২৬। প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), ঢাকা।

২৭। প্রতিনিধি, ডিএফআইডি (DFID), ঢাকা।

২৮। প্রতিনিধি, ইউএসএআইডি (USAID), ঢাকা।

২৯। প্রতিনিধি, ইউনিসেফ (UNICEF), ঢাকা।

৩০। প্রতিনিধি, এফএও (FAO) ঢাকা।

৩১। প্রতিনিধি, ই ইউ (EU) ঢাকা।

৩২। প্রতিনিধি, এডিবি (ADB) ঢাকা।

৩৩। প্রতিনিধি, জাইকা (JICA) ঢাকা।

৩৪। প্রতিনিধি, জিএসি (GAC) ঢাকা।

**সদস্য-সচিব**

৩৫। মহা-পরিচালক, বিএনএনসি, মহাখালী, ঢাকা।

(খ) **কমিটির কার্যপরিধি :**

১। পুষ্টি সপ্তাহ পালন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিকল্পনা ও তা সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

২। পুষ্টি সপ্তাহ বাস্তবায়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা, পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

৩। কোন ব্যক্তিকে প্রয়োজনে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন;

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

---

**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৬৭.৯৯.০১৯.১৮-১৩৭**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন কামালেরপাড়ায় নির্মাণাধীন ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম “কামালেরপাড়া হোসনে আরা বেগম ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র” হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.১৭-২৩১**—চাঁদপুর জেলার হাজিগঞ্জ পৌরসভার ০১, ০২, ও ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর শাহান আরা বেগম গত ১৫-০১-২০১৮ ইং তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত ওয়ার্ডের কাউন্সিলরের এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭(অংশ-১)-৪০৫**—১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ/ ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ২১(একুশ) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারিকরণ করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | ছাগলনাইয়া পাইলট হাই স্কুল, ছাগলনাইয়া, ফেনী |
| ২. | ফুলগাজী পাইলট হাই স্কুল, ফুলগাজী, ফেনী |
| ৩. | বিলাইছড়ি উচ্চ বিদ্যালয়, বিলাইছড়ি, রাঙ্গামাটি |
| ৪. | পোয়াপাড়া মডেল উচ্চ বিদ্যালয়, কাউখালী, রাঙ্গামাটি |
| ৫. | ছেংগারচর মডেল উচ্চ বিদ্যালয়, মতলব উত্তর, চাঁদপুর |
| ৬. | পূর্বধলা জে. এম. পাইলট উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা |
| ৭. | বারহাট্টা সি.কে. পি. পাইলট উচ্চ বিদ্যালয়, বারহাট্টা, নেত্রকোনা |
| ৮. | নবাবগঞ্জ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর |
| ৯. | হাতিবান্ধা এস. এস, মডেল হাই স্কুল, হাতিবান্ধা, লালমনিরহাট |
| ১০. | নন্দিগ্রাম মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, নন্দিগ্রাম, বগুড়া |
| ১১. | বেগনাই তেঘুরী মাধ্যমিক বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ১২. | লক্ষীছড়ি মডেল উচ্চ বিদ্যালয়, লক্ষীছড়ি, খাগড়াছড়ি |
| ১৩. | হাটহাজারী পার্বতী মডেল উচ্চ বিদ্যালয়, হাটহাজারী, চট্টগ্রাম |
| ১৪. | আতাতুর্ক মডেল হাই স্কুল, দাগনভূঞা, ফেনী |
| ১৫. | মতলব জে. বি. পাইলট উচ্চ বিদ্যালয়, মতলব দক্ষিণ, চাঁদপুর |
| ১৬. | আটোয়ারী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, আটোয়ারী, পঞ্চগড় |
| ১৭. | রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮. | মীরসরাই মডেল উচ্চ বিদ্যালয়, মীরসরাই, চট্টগ্রাম |
| ১৯. | রামু খিজারী আদর্শ উচ্চ বিদ্যালয়, রামু, কক্সবাজার |
| ২০. | কলমাকান্দা পাইলট উচ্চ বিদ্যালয়, কলমাকান্দা, নেত্রকোনা |
| ২১. | মাটিরাংগা মডেল উচ্চ বিদ্যালয়, মাটিরাংগা, খাগড়াছড়ি |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন**
উপসচিব।